

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

বিএমএ ভবন, কলাতলী রোড, কক্সবাজার
www.coxda.gov.bd



স্মারক নং- ২৫.৪৭.২২০০.০০০.৯৯.০০৪.২০/১৬৪

তারিখ : ০৬ জুন, ২০২১
২৩ জ্যৈষ্ঠ ১৪২৮

বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সকল সহজিকৃত সেবার তথ্য প্রেরণ
প্রসঙ্গে।

সূত্র: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আইসিটি শাখার ২৫ মে, ২০২১ খ্রিঃ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.৩৪.০০৪.
১৯-২৩৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ হতে সকল সহজিকৃত সেবার তথ্য
চাহিত ছক পূরণপূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।



লেঃ কর্নেল (অবঃ) ফোরকান আহমদ
চেয়ারম্যান
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
দুরালাপনী: ০৩৪১-৫২৭০০

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ: আ: সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা]

অনুলিপি:-

০১। অফিস কপি/মাষ্টার ফাইল।

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার নাম: কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

১। নাগরিক সেবার তালিকা:


ক্রম	সেবার নাম
০১	ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান
০২	ইমারতের নকশা অনুমোদন
০৩	প্রকৌশলী, স্থপতি এবং নগর পরিকল্পনাবিদদের তালিকাভুক্তিকরণ

২। সহজিকৃত সেবার নাম: অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান

৩। সেবাটি সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ (পাশাপাশি রাখা) : সংযুক্ত।

৪। সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথা (Time, Cost & Visit) এর তুলনা : সংযুক্ত।

	সহজিকরণের পূর্বের পদ্ধতি	সহজিকরণের পরের পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	২১ দিন	৭ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	৭,৫০০-৮,৪০০/-	৬,৯৬৯/-
যাতায়াত	৩ বার	০ বার
ধাপ	০৭	৩
জনবল	০৭	৪
দাখিলীয় কাগজপত্র	<ol style="list-style-type: none"> ১. পূরণকৃত আবেদনপত্র ২. প্রস্তাবিত জমি সংক্রান্ত প্রয়োজনীয় দলিল পত্রাদির সত্যায়িত ছায়াকপি ৩. ৩ (তিন) কপি সাইট প্ল্যান ৪. ফরম ও ফি জমার মূল রশিদ ৫. আম- মোস্তারনামার (প্রযোজ্য ক্ষেত্রে) সাটিফাইড কপি ৬. সি এস/আর এস ও বি এস মৌজা সিট ৭. হালনাগাদ খাজনার রশিদ (সত্যায়িত কপি) ৮. নামজারী ও জমাভাগের প্রস্তাব পত্রের সত্যায়িত ছায়াকপি ৯. ডিসিআর (সত্যায়িত ছায়াকপি) ১০. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র ও টিআইএন সনদপত্রের সত্যায়িত ছায়াকপি ১১. প্রবাসী নাগরিকদের ক্ষেত্রে পাসপোর্ট ও ভিসার সত্যায়িত ছায়াকপি ১২. পরিত্যক্ত জমির ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমতিপত্র/বরাদ্দপত্র (সত্যায়িত ছায়াকপি) 	সহজিকরণের পূর্বের পদ্ধতির ন্যায় চাহিত কাগজ-পত্রাদি অনলাইনে (www.luc.coxda.gov.bd) গ্রহণ করা হয়।



৫। কোথায় থরনের এবং কত সংখ্যক স্টেকহোল্ডার/বেনিফিসিয়ারি সেবা টি গ্রহণ করে থাকে?


- কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকার সকল শ্রেণির জনগণ সেবাটি গ্রহণ করে থাকে এবং প্রতি বছর প্রায় ৩০০/৪০০ জন সেবাটি গ্রহণ করে থাকে।

৬। সেবাটি বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:

- **চ্যালেঞ্জ:** মাস্টার প্ল্যান এবং ইমারত নির্মাণ বিধিমালা সম্পর্কে সম্যক ধারণা না থাকা।
- **গৃহীত কৌশল:** মাস্টার প্ল্যান এবং ইমারত নির্মাণ বিধিমালা বিষয়ে কউকের আওতাধীন এলাকার জনগণকে অবহিত করনের নিমিত্ত কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময় ইমারত নির্মাণ বিধিমালা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য মতবিনিময় সভা আয়োজন, বিভিন্ন এলাকায় মাইকিং, লিফলেট বিতরণ ইত্যাদি কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়া কউক অধিক্ষেত্রের প্রতিটি উপজেলায় ইমারত নির্মাণে করণীয় সম্বলিত ১টি করে বিলবোর্ড স্থাপন করার কাজ জুন ২০২১ এর মধ্যে সম্পন্ন হবে।

৭। সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ:

- সেবাটি প্রচারণা এবং টেকসইকরণের নিমিত্ত কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময় ইমারত নির্মাণ বিধিমালা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য মতবিনিময় সভা আয়োজন, বিভিন্ন এলাকায় মাইকিং, লিফলেট বিতরণ ইত্যাদি কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়া কউক অধিক্ষেত্রের প্রতিটি উপজেলায় ইমারত নির্মাণে করণীয় সম্বলিত ১টি করে বিলবোর্ড স্থাপন করার কাজ জুন ২০২১ এর মধ্যে সম্পন্ন হবে।


০৬/৬/২০২০